



স্মারক নং- ৪৬/পর্যটন/বি.এম.-২৯

তারিখ- ০৮ / ১১ / ২০১৯

## বিজ্ঞপ্তি

৩২তম বিষ্ণুপুর মেলা-২০১৯ বাঁকুড়া জেলা প্রশাসনের উদ্যোগে মন্দিরশহর বিষ্ণুপুরে আগামী ২৩ থেকে ২৭ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। এবারের বিষ্ণুপুর মেলার দিনগুলিতে মূল সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য বিষয় ভিত্তিক প্রতিযোগিতা আহ্বান করা হয়েছে। সমস্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য [www.bishnupurtourism.com](http://www.bishnupurtourism.com) ওয়েবসাইটে (অনলাইন) আবেদন করতে হবে। প্রতিযোগিতায় প্রতিটি বিষয়ে সেরা ৩ (তিন) জন সফল প্রতিযোগী / দল ৩২তম বিষ্ণুপুর মেলার সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারবেন। সাংস্কৃতিক অনুষ্ঠানের এই প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রতিযোগীদের নিজ উদ্যোগে বিষ্ণুপুরের বিভিন্ন মন্দির প্রাঙ্গণে উপস্থিত হয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে। প্রতিযোগিতায় যোগদানের জন্য কোন যাতায়াত ভাড়া, পারিশ্রমিক, রাহা খরচ বা টিফিন / আহার দেওয়া হবে না। প্রতিযোগিতার নির্ধারিত [www.bishnupurtourism.com](http://www.bishnupurtourism.com) & Facebook Page- **bishnupurtourism** পেজে জানিয়ে দেওয়া হবে।

- প্রতিযোগিতার বিষয় :
- ১) সঙ্গীত- শাস্ত্রীয় : ১) ধ্রুপদ / ধামার, ২) খেয়াল / ঠুংরী / টপ্পা \*\*  
(একক)- “ক” বিভাগ ১০ থেকে ১৬ বছর বয়স (২৩.১২.২০১৯ তারিখ অনুযায়ী)  
“খ” বিভাগ ১৬ বছরের উর্দে (২৩.১২.২০১৯ তারিখ অনুযায়ী)
  - ২) সঙ্গীত- ১) আধুনিক, ২) রবীন্দ্রসঙ্গীত / নজরুলগীতি / কাব্যগীতি,  
৩) লোকগীতি - আঞ্চলিক  
(একক)- “ক” বিভাগ ১০ থেকে ১৬ বছর বয়স (২৩.১২.২০১৯ তারিখ অনুযায়ী)  
“খ” বিভাগ ১৬ বছরের উর্দে (২৩.১২.২০১৯ তারিখ অনুযায়ী)
  - ৩) নৃত্য - ১) শাস্ত্রীয়, ২) লোকনৃত্য, ৩) রবীন্দ্রনৃত্য, ৪) সৃজনশীল  
(একক)- “ক” বিভাগ ১০ থেকে ১৬ বছর বয়স (২৩.১২.২০১৯ তারিখ অনুযায়ী)  
“খ” বিভাগ ১৬ বছরের উর্দে (২৩.১২.২০১৯ তারিখ অনুযায়ী)  
(দলগত)- বয়স সীমা নাই (সর্বনিম্ন ১০ জন)
  - ৪) যন্ত্রসঙ্গীত- ১০ বছরের উর্দে (২৩.১২.২০১৯ তারিখ অনুযায়ী)
  - ৫) আবৃত্তি - (যে কোন কবির কবিতা)  
(একক)- “ক” বিভাগ ১০ থেকে ১৬ বছর বয়স (২৩.১২.২০১৯ তারিখ অনুযায়ী)  
“খ” বিভাগ ১৬ বছরের উর্দে (২৩.১২.২০১৯ তারিখ অনুযায়ী)  
(দলগত)- বয়স সীমা নাই
  - ৬) যোগ ব্যায়াম - 1) Rhythmic, 2) Artistic, 3) Acrobatic -বয়স সীমা নাই
  - ৭) মুকাভিনয় - ১০ বছরের উর্দে (২৩.১২.২০১৯ তারিখ অনুযায়ী)
  - ৮) ছোট নাটক- বিজ্ঞপ্তি এবং আবেদনপত্র [www.bishnupurtourism.com](http://www.bishnupurtourism.com) ওয়েবসাইটে পাওয়া যাবে।
  - ৯) প্রাক্ মেলা যাত্রা প্রতিযোগিতা - বিজ্ঞপ্তি এবং আবেদনপত্র [www.bishnupurtourism.com](http://www.bishnupurtourism.com) ওয়েবসাইটে পাওয়া যাবে।

৩২তম বিষ্ণুপুর মেলা-২০১৯ -এর সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিদের আগামী ইং- ১২.১১.২০১৯ তারিখ হতে শুরু হয়ে ২৫.১১.২০১৯ তারিখ বৈকাল ০৫.০০ টার মধ্যে [www.bishnupurtourism.com](http://www.bishnupurtourism.com) -তে অনলাইনের মাধ্যমে নির্দিষ্ট প্রোফর্মাতে আবেদনপত্র দাখিল করতে হবে।

বিষ্ণুপুরের বিভিন্ন মন্দিরসমূহে মেলার পূর্বাঙ্কে সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য প্রতিযোগিতা চলবে। অডিশন আগামী ইং- ৩০.১১.২০১৯ হতে শুরু হয়ে ১৫.১২.২০১৯ তারিখ পর্যন্ত চলবে।

সকলের জ্ঞতার্থে বিষয়গুলি জানানো হল।

স্বাঃ-

মহকুমা শাসক, বিষ্ণুপুর  
জেলা-বাঁকুড়া।

\*\* নিয়মাবলী [www.bishnupurtourism.com](http://www.bishnupurtourism.com) ওয়েবসাইটে পাওয়া যাবে